

# আমাদেরময়

## রাবিতে স্নাতক চূড়ান্ত পরীক্ষা নেওয়ার দাবি

রাবি প্রতিনিধি

১ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১ ফেব্রুয়ারি ২০২১ ০০:২৬

# আমাদেরময়

স্বাস্থ্যবিধি মেনে রাজশাহী বিশ্বিদ্যালয়ের (রাবি) স্নাতক চূড়ান্ত বর্ষের পরীক্ষা গ্রহণের দাবি জানিয়েছেন ২০১৬-১৭ সেশনের শিক্ষার্থীরা। গতকাল দুপুরে বিশ্বিদ্যালয়ের জোহা চতুরে আয়োজিত এক মানববন্ধনে এ দাবি জানান তারা।

মানববন্ধনে তারা চারটি দাবি জানান। সেগুলো হলো- স্বাস্থ্যবিধি মেনে ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষা নেওয়া, পরীক্ষার আগে হল খুলে দেওয়া, করোনাকালীন এক বছরের হল ফিসহ অন্যান্য ফি মওকুফ করা এবং আগামী ৪ ফেব্রুয়ারির মধ্যে উপর্যুক্ত দাবিগুলো বাস্তবায়ন করা।

মানববন্ধনে বক্তরা বলেন, আমরা এখানে সবাই একই বর্ষের শিক্ষার্থী। কিন্তু কেউ ততীয় বর্ষে আবার কেউ চতুর্থ বর্ষেই পড়ছি। বাংলাদেশ কর্মকমিশন (পিএসসি) বিসিএসসহ বেশ কয়েকটি নিয়োগ পরীক্ষার সার্কুলার দিয়েছে।

কিন্তু আমরা আবেদন করতে পারছি না। আগামী মার্চ পর্যন্ত ৪৩তম বিসিএসের আবেদনের সময় বৃদ্ধি করা হয়েছে। এর মধ্যে যদি পরীক্ষা না নেওয়া হয় তা হলে এটাতেও অংশগ্রহণ করতে পারব না।

নৃবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মহাউদ্দিন মানিকের সঞ্চালনায় কর্মসূচিতে বক্তব্য দেন পপলেশন সায়েন্স অ্যান্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষার্থী আবিদ হাসান, অর্থনীতি বিভাগের শিক্ষার্থী খাইরুল ইসলাম দুখু, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী মাহমুদ সাকী, ফিশারিজ বিভাগের শিক্ষার্থী শ্যামল অধিকারী, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী শাহীন আলম প্রমুখ। এ সময় বিভিন্ন বিভাগের অর্ধশতাধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

মতুন খাতোর টেলিক

**আমাদেশময়**

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy